# রাজধানীর আদাবরে পুলিশের উপর কিশোর গ্যাং এর হামলা,আহত পুলিশ সদস্য




সংগৃহীত ছবি

রাজধানীর আদাবর এলাকায় কিশোর গ্যাং চক্রের হামলায় আল-আমিন নামে এক পুলিশ সদস্য গুরুতর আহত হয়েছেন। সোমবার (১ সেপ্টেম্বর) রাত ১১টায় আদাবরের সুনিবিড় হাউজিং এলাকায় এই ঘটনা ঘটে। আহত ওই পুলিশ সদস্য বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

স্থানীয়দের বরাত দিয়ে জানা যায়, রাত ১১টার দিকে পুলিশ সুনিবিড় হাউজিং এলাকার একটি গ্যারেজে অভিযান চালায়। এ সময় কিশোর গ্যাংয়ের মূল হোতা জনি ও রনির নেতৃত্বে একদল সন্ত্রাসী দেশীয় ধারালো অস্ত্রশস্ত্র নিয়ে পুলিশের ওপর হামলা করে। হামলায় আল-আমিন নামে ওই পুলিশ সদস্য মারাত্মকভাবে আহত হন। ঘটনার পর তাকে গুরুতর অবস্থায় উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়। এই হামলায় নাজির, ওসমান, 'দাঁতভাঙ্গা' সুজন, 'কব্জি কাটা' হৃদয় এবং গাঁজা ব্যবসায়ী রাজুও জড়িত ছিল বলে জানা গেছে।

স্থানীয়রা জানান, হামলাকারী জনি ও রনি মোহাম্মদপুর-আদাবর এলাকার কুখ্যাত কিশোর গ্যাং 'কব্জি কাটা' গ্রুপের সক্রিয় সদস্য। এই গ্রুপটি আদাবর-১০ এলাকার বালুর মাঠ থেকে পুরো এলাকা নিয়ন্ত্রণ করে। গ্যাংটির প্রধান আনোয়ার জেল হাজতে থাকায় জনি ও রনি তার হয়ে এলাকায় ত্রাস সৃষ্টি করছে। এই গ্যাংয়ের সদস্যরা এর আগেও বেশ কয়েকবার মানুষকে কুপিয়ে জখম করেছে। তাদের বিরুদ্ধে হত্যাসহ একাধিক অভিযোগ রয়েছে। স্থানীয়দের অভিযোগ, গ্রেফতারের কিছুদিন পরই তারা জামিনে মুক্ত হয়ে একই ধরনের অপরাধে জড়িয়ে পড়ে।

এ বিষয়ে তেজগাঁও বিভাগের উপ-পুলিশ কমিশনার ইবনে মিজান জানান, ৯৯৯-এ দুই পক্ষের সংঘর্ষের খবর পেয়ে একটি পুলিশ দল আদাবর এলাকায় যায়। সে সময় আল-আমিন গাড়ির কাছে ছিলেন, যখন একদল সন্ত্রাসী তাকে কুপিয়ে চলে যায়। তার হাতে আঘাত লেগেছে এবং তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ হামলাকারীদের পরিচয় এবং তাদের গ্রুপ সম্পর্কে জানার চেষ্টা করছে।